


বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ভারত সফর নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলন সরাসরি সম্প্রচার।

- অদ্য ১১ এপ্রিল ২০১৭খ্রি:, মঙ্গলবার বিকেল ৪টা ৩০ মিনিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ভারত সফর নিয়ে গণভবনে এক সংবাদ সম্মেলন আয়োজন করা হয়েছে। উক্ত সংবাদ সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রী সাম্প্রতিক ভারত সফরকালীন বাংলাদেশের অর্জনসহ নানা দিক তুলে ধরবেন। সংবাদ সম্মেলনটি বাংলাদেশ বেতার ঢাকা কেন্দ্র বিটিসিএল লাইনের মাধ্যমে ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে এবং এফ.এম ১০৩.২ মেগাহার্জে সরাসরি সম্প্রচার করবে।
- ২। উক্ত সংবাদ সম্মেলনের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা এবং সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন, গণভবন-এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
 - ৩। সংবাদ সম্মেলন প্রচারকালে ঢাকা-ক এর পূর্বনির্ধারিত অনুষ্ঠান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে প্রচার হবে।
 - ৪। বর্ণিত সংবাদ সম্মেলন সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র গণভবন, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা বহন করবেন।
 - ৫। উল্লিখিত সংবাদ সম্মেলন প্রচারকালীন সকল সংবাদ, আবহাওয়াবার্তা ও আযান ৮১৯ কিলোহার্জে, ১১৭০ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ক্ষুদ্রতরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
 - ৬। সংবাদ সম্মেলন সম্প্রচারের সাথে সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে অনুষ্ঠান শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে অনুষ্ঠান প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
 - ৭। উল্লিখিত অনুষ্ঠান সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-সকল প্রকার প্রকৌশল ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ৮। উক্ত অনুষ্ঠান সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা অনুষ্ঠান সম্প্রচারের সাথে সম্পর্কিত কর্মচারীদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ প্রত্যেকটি অনুষ্ঠান প্রচারের পূর্বে প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, অনুষ্ঠানগুলো যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তাশাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রচার নিশ্চিত করবেন।
 - ৯। সংবাদ সম্মেলন সম্প্রচারের সময় ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।
 - ১০। উল্লিখিত সংবাদ সম্মেলন সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বক্লে দায়িত্ব অর্পণ, সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধানসহ অনুষ্ঠান যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
 - ১১। সংবাদ সম্মেলনের ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১২। পরিচালক, লিয়াজেঁ ও শ্রোতা গবেষণা, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
 - ১৩। সংবাদ সম্মেলন শুরুর ২ ঘন্টা পূর্বে বহিঃসম্প্রচার দলকে গণভবনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(সালাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, অনুষ্ঠান (দায়িত্বে)
মহাপরিচালকের পক্ষে।
ফোনঃ ০২-৯৬৬২৭৫৩

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজেঁ, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।